

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ: ০৪ মাঘ, ১৪২৩ বঙ্গ/১৭ জানুয়ারি, ২০১৭ খ্রি:

নং ০৩.০৬৮.০৪৬.০৯.০০.০৩১.২০১৫-৩৮—বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর আওতাভুক্ত অর্থনৈতিক অঞ্চলে নিরাপত্তার জন্য সরকার কর্তৃক নিম্নরূপ সিকিউরিটি টাক্ষফোর্স গঠন করা হলোঃ

- | | |
|--|-------------|
| ১। নির্বাহী সদস্য (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | - সভাপতি |
| ২। মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় | -সদস্য |
| ৩। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব পদমর্যাদার নিচে নয়) | -সদস্য |
| ৪। বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি (ডিআইজি পদমর্যাদার নিচে নয়) | -সদস্য |
| ৫। বাংলাদেশ আনসার এর প্রতিনিধি (এডিজি পদমর্যাদার নিচে নয়) | -সদস্য |
| ৬। ব্যবস্থাপনা পরিচালক, সংশ্লিষ্ট বেসরকারি অর্থনৈতিক অঞ্চল | -সদস্য |
| ৭। সচিব, নির্বাহী বোর্ড, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ | -সদস্য-সচিব |

(৭৫৯)
মূল্য : টাকা ৪.০০

২। কর্ম পরিধি:

- (১) বর্ণিত টাক্ষফোর্স অর্থনৈতিক অঞ্চলসমূহের নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা করবে ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করবে।
- (২) অর্থনৈতিক অঞ্চলসমূহের বিনিয়োগের প্রকৃতি, খাত, আকার প্রভৃতি বিবেচনা করে টাক্ষফোর্স নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়ন করবে।
- (৩) টাক্ষফোর্স ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করবে। তবে প্রয়োজনে যে কোন সময় জরুরী সভা আহ্বান করা যাবে।
- (৪) টাক্ষফোর্স প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে।

বাষ্ট্রপতির আদেশক্রমে

নাফিউল হাসান
পরিচালক-১।